

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ভর্তি সম্বন্ধীয় বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ভর্তির জন্য গত ২৯ অক্টোবর, ২০১১ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে পূর্বে প্রকাশিত অপেক্ষমান তালিকার ১৬০১তম থেকে ১৭০০তম মেধাস্থানধারী (সংযুক্ত তালিকায় বর্ণিত রোল নম্বরধারী) প্রার্থীগণের মধ্য থেকে ৮ জনকে ইউআরপি বিভাগে (০১/০২/১২ইং তারিখের পরিসংখ্যান অনুযায়ী) মেধাক্রমানুসারে ও আসন খালি থাকা সাপেক্ষে নিম্ন ছকে বর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা হইবে। ভর্তির জন্য নির্ধারিত তারিখে প্রার্থীদেরকে বিভাগ পছন্দের ফরম পূরণ, স্বাস্থ্য পরীক্ষা এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র সমূহ যাচাই করতঃ ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা দিতে হইবে।

সংশ্লিষ্ট প্রার্থীদের নির্ধারিত তারিখে বোর্ড প্রদত্ত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ, মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গীন ছবিসহ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কমিটির নিকট যাচাইয়ের জন্য দাখিল করিতে হইবে। স্বাস্থ্য পরীক্ষা ও সনদপত্রাদি যাচাইয়ের পর যোগ্য প্রমাণিত হইলে সভাপতি, ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়া তাহাদিগকে ভর্তি হইতে হইবে। বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় বিভিন্ন ফিস বাবদ আনুমানিক ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা এবং পরবর্তীতে আবাসিক হলে ভর্তির জন্য আনুমানিক ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা লাগিবে।

ভর্তির জন্য নির্ধারিত তারিখে সকাল ৯ঃ০০ ঘটিকার সময় সকল প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে এবং ঐ সময়ে মেধাক্রম অনুসারে প্রাপ্যতা অনুযায়ী পছন্দের বিভাগ বরাদ্দ করা হইবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার মেধাক্রম বহাল থাকিবে না। এই ব্যাপারে কোন আবেদন বিবেচনা করা হইবে না।

নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোন প্রার্থী ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তির যোগ্যতা বাতিল হইয়া যাইবে এবং এ ব্যাপারেও কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য হইবে না। সেক্ষেত্রে তাহার স্থলে মেধাক্রমানুসারে পরবর্তী প্রার্থীকে ভর্তি করা হইবে।

ভর্তি প্রক্রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত সিট খালি থাকা সাপেক্ষে প্রার্থীর বিভাগ পছন্দের ক্রমানুসারে মেধানুযায়ী বিভাগ পরিবর্তন (Auto migration) চলিতে থাকিবে। তবে কোন প্রার্থী ইচ্ছা করিলে তাহার Auto migration প্রক্রিয়া ভর্তির দিন আবেদনপত্রের মাধ্যমে বন্ধ করিতে পারিবে। প্রত্যেক প্রার্থীকে নিজ দায়িত্বে Auto migration এর পর তাহার অবস্থান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখা হইতে জানিয়া লইতে হইবে। Auto migration প্রক্রিয়ার মাধ্যমে কাহারো বিভাগ পরিবর্তন হইলে তাহা কোন ভাবেই পূর্বাবস্থানে ফেরত নেওয়া যাইবে না।

ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ১৬ ফেব্রুয়ারী ২০১২, বৃহস্পতিবার, সকাল ১০-০০ ঘটিকা

সনদপত্র যাচাই ও জমা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা, স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির সময়সূচিঃ

ভর্তিযোগ্য প্রার্থীর সনদপত্র যাচাই ও জমা রাখা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা নেওয়া, স্বাস্থ্য পরীক্ষা, বিভাগ বরাদ্দ এবং ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা নেয়া হইবে।	১৪/০২/২০১২ মঙ্গলবার	সকাল ৯-০০ ঘটিকা হতে দুপুর ১২-০০ ঘটিকা
--	------------------------	--

- বিঃ দ্রঃ (ক) প্রয়োজনে অপেক্ষমান তালিকা হইতে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিযোগ্য প্রার্থীদের পরবর্তী তালিকা/তালিকাসমূহ প্রকাশ করা হইতে পারে।
- (খ) বিস্তারিত ফলাফল এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং www.kuet.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. আশরাফুল গণি ভূঁইয়া)
সভাপতি, ভর্তি কমিটি
শিক্ষাবর্ষঃ ২০১১-২০১২
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়